



গতকাল রংপুর বিশ্ববিদ্যালয়ের প্রথম সিভিকিট সভায় বক্তৃতা করেন উপাচার্য ড. এম লুৎফর রহমান।

## রংপুর বিশ্ববিদ্যালয়ে ছাত্রছাত্রী ভর্তি ও শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত

জেলা বার্তা পরিবেশক, রংপুর

রংপুর বিশ্ববিদ্যালয়ের প্রথম সিভিকিট সভা গতকাল রোববার বিকেলে অস্থায়ী কার্যালয় বিএড কলেজে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. লুৎফর রহমানের সভাপতিত্বে সভায় চলতি শিক্ষাবর্ষ থেকে ছাত্রছাত্রী ভর্তি, শিক্ষক নিয়োগসহ কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় ডিসেম্বর মাসের মধ্যে ভর্তি পরীক্ষা অনুষ্ঠানেরও সিদ্ধান্ত হয়। গত ২২ অক্টোবর রংপুর বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন শিক্ষা উপদেষ্টা ড. হোসেন জিহুর রহমান। এর মাত্র ২ দিন আগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিভাগের শিক্ষক অধ্যাপক ড. লুৎফর রহমানকে উপাচার্য হিসেবে নিয়োগ করা হয়। এদিকে সরকার ৭ জনকে রংপুর বিশ্ববিদ্যালয়ের সিভিকিট সদস্য হিসেবে

নিয়োগ দান করেছেন। এরা হলেন- শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (বিশ্ববিদ্যালয়) শফিকুল ইসলাম, মিনাজপুর হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আফজাল হোসেন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. আমিনুল ইসলাম তৌহুরী, জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. মওদুদ এদাযী, রংপুর কারমাইকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক দীপ কেশব নাথ দাস এবং আরডিআরএসের পরিচালক ড. শামসুজ্জামান। গতকালের সভায় যুগ্ম সচিব ছাড়া সব সিভিকিট সদস্য উপস্থিত ছিলেন। চলতি সভাতে পরিকার ছাত্রছাত্রী ভর্তি সংক্রান্ত বিষয়ে বিস্তারিত প্রকাশ, শিক্ষক নিয়োগ সম্পর্কে বিস্তারিত প্রদান, বিশ্ববিদ্যালয়ের জন্য ধর্মোৎসর্গ সরঞ্জাম বিশেষ করে কম্পিউটার আসবাবপত্র ক্রয় করা হবে।